

## যুক্তরাষ্ট্রে সবচেয়ে দামি বাড়ি হতে যাচ্ছে ‘গর্ডন পয়েন্ট’

- A Monitor Desk Report

Date: 12 February, 2024



গর্ডন পয়েন্ট। মেক্সিকো উপসাগরের তীরে ফ্লোরিডার নেপলসে অবস্থিত বিলাসবহুল এ আবাসন। সবকিছু পরিকল্পনা মতো এগোলে শিগগিরই প্রায় নয় একর এলাকাজুড়ে নির্মিত গর্ডন পয়েন্ট হাতবদল হতে যাচ্ছে। দাম উঠেছে ২৯ কোটি ৫০ লাখ ডলার।

যুক্তরাষ্ট্রে এর আগে কোনো বাড়ির দাম এতটা আকাশছোঁয়া হয়নি। মূল বাড়িটি ১১ হাজার ৫০০ বর্গফুটের, যেখানে রয়েছে ছয় বেডরুমসহ অন্যান্য কক্ষ। পাশাপাশি রয়েছে পাঁচ হাজার বর্গফুট করে দুটি গেস্ট হাউজ। সব মিলিয়ে গর্ডন পয়েন্টের লিভিং স্পেস দাঁড়ায় ২২ হাজার ৮০০ বর্গফুট। আর তিনটি আবাসন থেকেই দেখা যায় উপসাগরের ১ হাজার ৬৫০ বর্গফুট এলাকার দৃশ্য। সেখানে রয়েছে একটি ব্যক্তিগত ইয়ট রাখার স্থান ও ‘টি’ আকৃতির ডক।

গর্ডন পয়েন্ট বিক্রিতে মধ্যস্থতা করছে আবাসন প্রতিষ্ঠান করকোরান। প্রতিষ্ঠানটির কর্মকর্তা লেইটন ক্যান্ডলার বলেন, ‘থাকার ঘরের সংখ্যা গোন্যার আগে আপনাকে প্রতি বর্গফুটের হিসাব কষতে হবে। বর্গফুটপ্রতি দাম পড়ছে প্রায় ১২ হাজার ৯০০ ডলার। তবে এ মূল্য বাড়িটির আকারের জন্য নয়। নিরাপত্তা, সম্মুখ সৈকত, উন্নত আয়েশ-আরাম মিলিয়ে এ দাম ধরা হয়েছে।’ ১৯৮৫ সালে পিটাসবার্গভিত্তিক বিনিয়োগ কোম্পানি ফেডারেটেড হার্মিসের সহপ্রতিষ্ঠাতা জন ডোনাহ্ গর্ডন পয়েন্টের নির্মাণ শুরু করেন। তখন পুরো আবাসনের আকার এখনকার মতো ছিল। পরে জমি অধিগ্রহণ করে শুধু পরিধি বাড়ানো হয়।

-B